



Vp-00000000

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর

www.jessoreboard.gov.bd

স্মারক নং -ক/অ/

তারিখ :

বিষয় : ২০১৫-২০১৬ শিক্ষাবর্ষে একাদশ শ্রেণীতে ছাত্র-ছাত্রী ভর্তির প্রাথমিক অনুমতি প্রসঙ্গে।

সূত্র : শিক্ষা মন্ত্রণালয়ের ২১-০৫-২০১৫ তারিখের- ৩৭.০০.০০০০.০৭৩.৩৩.০৭১.১৩/২১০ নং স্মারক পত্র।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে কর্তৃপক্ষের নির্দেশক্রমে আপনাকে জানান যাচ্ছে যে, আগামী কলেজ মঞ্জুরী কমিটির সভায় অনুমোদন সাপেক্ষে ও শিক্ষা মন্ত্রণালয়ের অনুমোদনের প্রেক্ষিতে নিয়োগকৃত শিক্ষক/জনবলের বেতন ভাতাদি প্রতিষ্ঠানের স্ব-অর্থায়নে পরিশোধের শর্তে নিম্ন লিখিত বিভাগ/বিষয় সমূহে ২০১৫-২০১৬ শিক্ষাবর্ষ হতে একাদশ শ্রেণীতে ১(এক) বছরের জন্যে সম্পূর্ণ সাময়িক ভিত্তিতে ছাত্র-ছাত্রী ভর্তির প্রাথমিক অনুমতি প্রদান করা হ'ল।

একাদশ শ্রেণীর পাঠ্য বিষয় সমূহ (পাঠ্যক্রম অনুযায়ী):

আবশ্যিক বিষয় সমূহ (সকল বিভাগের জন্য)	নৈর্বচনিক বিষয় সমূহ	ঐচ্ছিক বিষয় সমূহ
বাংলা, ইংরেজী এবং তথ্য ও যোগাযোগ প্রযুক্তি	ক' গুচ্ছ হতে ৩টি	যে কোন একটি

মানবিক বিভাগ	বিজ্ঞান বিভাগ	ব্যবসায় শিক্ষা শাখা
১। ইতিহাস ২। পৌরনীতি ও সুশাসন ৩। সমাজ বিজ্ঞান ৪। ইসলাম শিক্ষা	১। পদার্থ বিজ্ঞান ২। রসায়ন বিজ্ঞান ৩। জীব বিজ্ঞান ৪। উচ্চতর গণিত	১। হিসাব বিজ্ঞান ২। ব্যবসায় সংগঠন ও ব্যবস্থাপনা ৩। উৎপাদন ব্যবস্থাপনা ও বিপণন ৪। কৃষি শিক্ষা

আরোপিত শর্ত সমূহ :

- ১। অনুমোদনের প্রেক্ষিতে নিয়োগকৃত শিক্ষক/জনবলের বেতনভাতাদি সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠানের নিজস্ব তহবিল হতে পরিশোধ করতে হবে।
- ২। একাদশ শ্রেণীতে ছাত্র-ছাত্রী ভর্তির অনুমতিকে প্রথম পর্যায়ে ১(এক) বছরের জন্যে অর্থাৎ আগামী ৩০-০৬-২০১৬ তারিখ পর্যন্ত পাঠদানের অনুমতি বলে গণ্য করতে হবে। কোন অবস্থাতেই একে স্বীকৃতি হিসাবে গন্য করা যাবে না।
- ৩। প্রতি বিভাগে কাম্যসংখ্যক শিক্ষার্থী ভর্তি ও পরীক্ষার ফলাফল সন্তোষজনক হতে হবে।
- ৪। লাইব্রেরীতে কমপক্ষে ২০০০(দুই হাজার) খানা পাঠ সাহায্যক বই থাকতে হবে।
- ৫। জাতীয় দিবস গুলি উদযাপন এবং ক্রীড়া, সাংস্কৃতিক ও বিতর্ক প্রতিযোগিতার আয়োজন করতে হবে।
- ৬। ২০০৯ সালের নীতিমালা অনুযায়ী অন্যান্য শর্তাবলী যথাযথভাবে পূরণ করতে হবে।
- ৭। সংরক্ষিত তহবিলে ১,০০,০০০/= ও সাধারণ তহবিলে ৫০,০০০/= টাকা জমা রাখতে হবে।
- ৮। দ্বাদশ শ্রেণী খোলার পূর্বে ৬,০০০/= (ছয় হাজার) টাকা ফিস জমা দিয়ে পূর্বনুমতি গ্রহণ করতে হবে।
- ৯। জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্য পুস্তক বোর্ডের সিলেবাস অনুযায়ী পাঠদান করাতে হবে।
- ১০। বিধি মোতাবেক শিক্ষক নিয়োগ দিতে হবে।
- ১১। ০৬ (ছয়) মাসের মধ্যে প্রয়োজনীয় অবকাঠামো নির্মাণ করতে হবে।
- ১২। কলেজ চত্বরে ফলজ, বনজ ও ঔষধি গাছ লাগাতে ও পরিচর্যা করতে হবে।
- ১৩। পরীক্ষার পূর্বে প্রতি বিভাগে ২,০০০/- (দুই হাজার) টাকা ফিস বোর্ড তহবিলে জমা দিয়ে পরীক্ষার বিশেষ অনুমতি নিতে হবে (কলেজ স্বীকৃতি না পাওয়া পর্যন্ত)।

প্রাপক : প্রধান শিক্ষক/অধ্যক্ষ
নেংগুড়াহাট স্কুল এন্ড কলেজ
ডাক : নেংগুড়াহাট, মনিরামপুর, যশোর।

স্মারক নং -ক/অ/ ২২৯৯ (২০)/১৬

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরিত হল :-

- ১। সচিব, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২। মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, শিক্ষা ভবন, ঢাকা।
- ৩। জেলা প্রশাসক, যশোর।
- ৪। পরীক্ষা নিয়ন্ত্রক, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর।
- ৫। বিদ্যালয় পরিদর্শক, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর।
- ৬। সিনিয়র সিস্টেম এনালিস্ট, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর। (ওয়েব সাইটে প্রকাশ করার জন্য)
- ৭। জেলা শিক্ষা অফিসার, যশোর।
- ৮। উপজেলা নির্বাহী অফিসার, মনিরামপুর, যশোর।
- ৯। সেকশন অফিসার, কলেজ নিবন্ধন বিভাগ, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর।
- ১০। সেকশন অফিসার, উচ্চ মাধ্যমিক পরীক্ষা বিভাগ, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর।
- ১১। সংরক্ষণ নথি।

কলেজ পরিদর্শক

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর
ফোন : ০৪২১-৬৮৬৩৮

তারিখ : ২৮/৫/১৫

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড,
যশোর